

“স্মার্ট ভবিষ্যত প্রজন্ম গড়ে তুলতে কিশোর-কিশোরীদের পুষ্টি”

## স্টিম প্রতিযোগিতা নির্দেশিকা(বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, কৃষি, গণিত)

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান পাওয়ার সুযোগ পেতে পারে। ২০১৭ সাল থেকে বিড ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ১৭-১৮ এপ্রিল, ২০২৪ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ অনুষ্ঠিত হবে। শিশু, কিশোর-কিশোরী এবং তরুণ-তরুণীদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে স্টিম প্রতিযোগিতাসহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ০৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ ‘স্টিম প্রতিযোগিতায়’ অংশগ্রহণ করতে পারবে। ‘স্টিম প্রতিযোগিতায়’ অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

### বয়সের গ্রুপঃ

গ্রুপ ক	গ্রুপ খ	গ্রুপ গ
৬-১০	১১-১৮	১৯-২৪

### প্রতিপাদ্য বিষয়ঃ

গ্রুপ কঃ পরিবেশ, খেলাধুলা, খাবার (DIY মেশিনারি) সম্পর্কিত যেকোন স্টিম কার্যক্রম

গ্রুপ খঃ বিশ্বকে সংযুক্ত করা বিষয়ক যেকোন স্টিম কার্যক্রম (খাদ্য, স্বাস্থ্য, পরিবেশ, কৃষি এবং একাডেমিক পাঠ্যক্রম) (ড্রোন)

গ্রুপ গঃ রোবট, ভবিষ্যৎ যানবাহন (খাদ্যের পুষ্টিমাণ গণনা, স্বাস্থ্যকর সমাজ/সম্প্রদায়/স্কুল, নিরাপদ খাদ্য, পরিচ্ছন্ন ক্যাম্পাস ইত্যাদি) নিয়ে যেকোন স্টিম কার্যক্রম।

### যোগ্যতাঃ

- INO ২০২৪ রেজিস্ট্রেশন লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে।

- বয়সসীমার মধ্যে যে কোনো প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের নূন্যতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।

### রেজিস্ট্রেশনঃ

প্রতিযোগীদের ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ এর ওয়েবসাইট থেকে রেজিস্ট্রেশন করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময়

‘স্টিম প্রতিযোগিতা’ নির্বাচন করতে হবে। রেজিস্ট্রেশন করতে ক্লিক করুনঃ [www.nutritionolympiad.net](http://www.nutritionolympiad.net)।

রেজিস্ট্রেশনের সময়সীমাঃ **মার্চ ১৫, ২০২৪** (রাত ১১ টা, ঢাকা সময়) [রেজিস্ট্রেশনের সময়ও স্টিম জমা দেয়া যাবে]

প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ

ভাষাঃ বাংলা বা ইংরেজি।

### জমাদান এবং প্রাথমিক নির্বাচনঃ

অংশগ্রহণকারীরা তাদের নিজস্ব প্রতিষ্ঠানে শিক্ষকদের উপস্থিতিতে সঙ্গীত প্রতিযোগিতার আয়োজন করবে। স্কুল ৩ টি সেরা সঙ্গীত নির্বাচন করবে এবং দল বা অংশগ্রহণকারীর নাম, বয়স এবং প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে Google ফর্ম বা ইমেইলের মাধ্যমে ভিডিও জমা দেবে। অংশগ্রহণকারী নিবন্ধনের সময়ও তাদের সঙ্গীত ভিডিও জমা দিতে পারেন।

ব্যক্তি এবং দল (সর্বোচ্চ ৩ সদস্য) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীরাও দল গঠন করে অংশগ্রহণ করতে পারে। অংশগ্রহণকারীরা শিক্ষকদের উপস্থিতিতে নিজস্ব প্রতিষ্ঠানে কার্যক্রম পরিচালনা করবে। স্কুল সেরা ৫টি স্টিম কার্যকলাপ নির্বাচন করবে এবং স্টিম কার্যকলাপের চূড়ান্ত ফলাফলের ভিডিও এবং ছবি Google ফর্ম বা ইমেইলের মাধ্যমে কার্যকলাপ, দলের নাম এবং প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে জমা দেবে। অংশগ্রহণকারীরা নিবন্ধনের সময় ভিডিও এবং বিবরণ জমা দিতে পারেন। বর্ণনায় এই তথ্যগুলি থাকবে- স্টিম আইটেমের বা যন্ত্রের নাম, উদ্দেশ্য (বিষয়বস্তুর সাথে প্রাসঙ্গিকতা), অর্থসংস্থান, কার্যকারিতা, প্রভাব, ছবি এবং ভিডিও।

জমা দেয়ার শেষ সময়ঃ **মার্চ ২০, ২০২৪** (রাত ১১ টা, ঢাকা সময়)

সময়কালঃ ৬০ মিনিট (১ ঘন্টা)

### চূড়ান্ত নির্বাচনঃ

প্রতিটি বয়সগ্রুপ থেকে সেরা ৫টি স্টিম কার্যক্রম চূড়ান্ত রাউন্ডে অংশগ্রহণ করবে এবং INO ২০২৪-এ প্রদর্শন ও বর্ণনা করতে হবে। তিনটি বয়সগ্রুপ থেকে সেরা তিনটি স্টিম সমাপনী অনুষ্ঠানে বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

### স্কোরঃ

ক্রম	ধরণ	নাম্বার
০১	বিষয়বস্তুর সাথে প্রাসঙ্গিকতা	২০
০২	প্রভাব (ফলাফল ও সুবিধা)	৩০
০৩	সম্পদের প্রয়োজনীয়তা	২০
০৪	বাস্তবায়ন যোগ্যতা	২০
০৫	নিয়ম অনুসরণ	১০
	<b>মোট</b>	<b>১০০</b>

### বিশেষ দ্রষ্টব্যঃ

- যেকোন ধরনের অসৎ আচরণ করার চেষ্টাকে অযোগ্য বলে বিবেচিত করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- নির্বাচিত স্টিম কার্যক্রম (ছবি) INO-এর ওয়েবসাইটে আপলোড করা হতে পারে।

## যোগাযোগঃ

'সিস্টম প্রতিযোগিতা' সম্পর্কে আপনার যে কোন তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯ অথবা ই-মেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd)

একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৫টি (পাঁচ) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

